

জাপানি ব্যক্তিত্বদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়

20শে মে, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী G-7 শীর্ষ সম্মেলনে যোগ দিতে হিরোশিমা সফরকালে জাপানের শীর্ষস্থানীয় ব্যক্তিত্ব ডঃ টোমিও মিজোকামি এবং মিসেস হিরোকো তাকাইয়ামার সঙ্গে সাক্ষাৎ করেন।

ওসাকা বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট স্কুল অফ ফরেন স্টাডিজের প্রফেসর ইমেরিটাস ডঃ টোমিও মিজোকামি একজন প্রখ্যাত লেখক এবং ভাষাবিদ এবং হিন্দি ও পাঞ্জাবি ভাষায় দক্ষ। জাপানে ভারতীয় সাহিত্য ও সংস্কৃতির প্রসারে অবদানের জন্য ২০১৮ সালে তাকে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত করা হয়েছিল। তিনি বহুল প্রশংসিত বই "জওয়ালামুখী" উপস্থাপন করেছিলেন - ১৯৮০ এর দশকের জাপানি পণ্ডিতদের একটি দল দ্বারা লেখ্যাকটি সংকলন যারা জাপানে হিন্দি শিক্ষার ভিত্তি স্থাপন করেছিলেন।

হিরোশিমায় জন্মগ্রহণকারী হিরোকো তাকাইয়ামা একজন পাশ্চাত্য শৈলীর চিত্রশিল্পী, যার কাজগুলি দুই দশকেরও বেশি সময় ধরে ভারতের সাথে তার গভীর সম্পর্ক দ্বারা গভীরভাবে প্রভাবিত। তিনি ভারতে অসংখ্য কর্মশালা পরিচালনা করেছেন এবং প্রদর্শনী করেছেন এবং শান্তি নিকেতনের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ছিলেন। ২০২২ সালে তৈরি ভগবান বুদ্ধের একটি তৈলচিত্র তিনি প্রধানমন্ত্রীকে উপহার দেন।

৪. প্রধানমন্ত্রী বলেন, এই ধরনের পারস্পরিক আদান-প্রদান পারস্পরিক বোঝাপড়া, সম্মান কে আরও গভীর করে তুলতে এবং আমাদের দেশগুলির মধ্যে আরও মজবুত বন্ধন গড়ে তুলতে সাহায্য করে। ভারত-জাপান বিশেষ কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্বসম্পর্ককে আরও জোরদার করার পথ সুগম করে এমন সমৃদ্ধ বিনিময়ের জন্য তিনি আরও সুযোগের প্রত্যাশা ব্যক্ত করেন।

হিরোশিমা

20শে মে, 2023